জেলা পরিষদ কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
www.zpchapainawabganj.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.৪৩.৭০০০.০০২.৩৩.০১৫.২৩-৬৪(৪৫)

তারিখ : ২৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০৭ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

গাছ নিলাম দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২২-২০২৩
(উন্মুক্ত দরপত্র পদ্ধতি OTM)

চাঁপাইনবাবগঞ্জ জেলা পরিষদের মালিকানাধীন গাছ নিলামে বিক্রয়ের নিমিত্তে ইচ্ছুক কাঠ ব্যবসায়ী/প্রতিষ্ঠান/ব্যক্তি সমূহের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি নিম্ন ছকে প্রদত্ত হলো

| | |
|---|---|
| দরপত্র সিডিউল বিক্রয়ের দপ্তরসমূহ | জেলা পরিষদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ |
| দরপত্র দাখিলের স্থান | জেলা পরিষদ কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ |
| দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ০৫/০৩/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| দরপত্র সিডিউল দাখিলের তারিখ ও সময় | ০৬/০৩/২০২৩ খ্রি. বেলা- ১.০০ ঘটিকা পর্যন্ত |
| দরপত্র খোলার তারিখ ও সময় | ০৬/০৩/২০২৩ খ্রি. বেলা- ৩.০০ ঘটিকায় উপস্থিত দরপত্রদাতা অথবা তাদের মনোনিত প্রতিনিধির (যদি কেহ উপস্থিত থাকেন) সম্মুখে খোলা হবে। |
| দরপত্র পূর্ব মিটিং এর স্থান, তারিখ ও সময় | জেলা পরিষদ সম্মেলন কক্ষ, চাঁপাইনবাবগঞ্জ, তারিখ- ২৭/০২/২০২৩ খ্রি. সময়-১১.০০ ঘটিকায় |

গাছের বিবরণ-

| গ্রুপ নং | গাছের অবস্থান | গাছের প্রজাতি | গাছের সংখ্যা | আনুমানিক কাঠের পরিমাণ (ঘনফুট) | আনুমানিক জ্বালানির পরিমাণ (ঘনফুট) | সিডিউল মূল্য অফেরতযোগ্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চাঁপাইনবাবগঞ্জ-শিবগঞ্জ মহাসড়কের মহারাজপুর মেলার মোড় চাপাই এগ্রো ইন্ডাঃ কোল্ড স্টোরেজ হতে রানিহাটি পর্যন্ত খোদাই করে মার্কিংকৃত ৩৫০টি গাছ | মেহগিনি | ৩২৭ টি | ৩৪৫০.১২ | ৬০৩৭.০০ | ১০০০/- (এক হাজার) টাকা |
| | | বকাইন | ০৩ টি | ২৩.১৬ | ৭৯.০০ | |
| | | শিশু | ০২ টি | ৯৩.৩৫ | ৮০.০০ | |
| | | নিম | ১৭ টি | ১২৬.০৫ | ৩৩৭.০০ | |
| | | জাম | ০১ টি | ১৪.৫৮ | ৪৫.০০ | |

দরপত্রের শর্তাবলী-

০১। দরপত্রদাতাগণকে দরপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) দরপত্র ক্রয়ের মূল রশিদ।
(খ) দরপত্র দাতার নিজনাম স্বাক্ষরিত ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি।
(গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
(ঘ) দরপত্রদাতাকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জামানত হিসেবে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ বরাবর যে কোন তফসিলী ব্যাংক হতে বিডি/পে-অর্ডার আকারে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

০২। দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক দরপত্র মূল্যায়ন না হওয়া পর্যন্ত জামানতের বিডি ফেরত দেয়া হবে না। দরপত্র মূল্যায়নের পর ১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতার জামানতের বিডি রেখে, অন্যান্য দরদাতার আবেদন প্রাপ্তি সাপেক্ষে বিডি ফেরত দেয়া হবে। ১ম সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্তদরের সমুদয় অর্থ জমা হওয়ার পর ২য় ও ৩য় সর্বোচ্চ দরদাতার জমানতের বিডি ফেরত দেয়া হবে। জামানতের অর্থ, প্রদত্ত দর/ভ্যাট/আয়করের সাথে সমন্বয় করা যাবে না। বিক্রিত গাছগুলি শর্ত মোতাবেক অপসারণ করা হয়েছে কিনা এ মর্মে কার্যসম্পাদন প্রতিবেদন পাওয়ার পর ১ম সর্বোচ্চ দরদাতার জামানতের বিডি ফেরত দেয়া হবে।

০৩। দরপত্র দাতাগনের মধ্য হতে যার দর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সর্বোচ্চ হিসেবে বিবেচিত বা অনুমোদিত হবে, তাকে পত্র মারফত জানানো হবে। পত্রে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে দরপত্রে প্রদত্ত দরের সমুদয় অর্থ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ বরাবরে বিডি আকারে জমা দিতে হবে এবং প্রদত্ত দরের উপর ৭.৫% ভ্যাট ও ১০% আয়কর নগদ জমা দিতে হবে। অতপর শর্তস্বাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে। নির্ধারিত তারিখের মধ্যে প্রদত্ত দরের সমুদয় অর্থ, ভ্যাট ও আয়কর জমা দিতে ব্যর্থ হলে, তার জামানত বাজেয়াপ্ত হবে। এরুপ ক্ষেত্রে কর্তৃপক্ষের পরবর্তী সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪। দরপত্রদাতাগণ দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই গাছগুলি/বনজদ্রব্য সরেজমিনে দেখে নিতে হবে। দরপত্র দাখিলের পর তা বনজদ্রব্য কম/নষ্টের অযুহাতে দরপত্র প্রত্যাহার করা যাবে না। দাখিলকৃত দরপত্র প্রত্যাহার করলে অথবা দরপত্র গৃহীত হওয়ার পর গাছ/কাঠ মরা, পঁচা, ঢোড় বা অন্য কোন ওজর আপত্তি উত্থাপন পূর্বক গাছের মূল্য পরিশোধ পত্র গ্রহণ করতে অস্বীকৃতি জানালে তার জামানতের বিডি বাজেয়াপ্ত করা হবে। এত দরপত্রদাতার কোন দাবী গ্রহণযোগ্য হবে না।

০৫। দরপত্রদাতা কর্তৃক দরপত্রের সাথে দাখিলকৃত জামানতের বিডি/প্রদত্ত দরের বিডি ভুয়া বা কোন প্রকার জাল-জালিয়তি/প্রতারণার আশ্রয় গ্রহণ করলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬। সমমূল্যের একাধিক সর্বোচ্চ দর পাওয়া গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট দরদাতাগণের উপস্থিতিতে লটারীর মাধ্যমে ১ম সর্বোচ্চ দরদাতা নির্বাচন করা হবে। তবে এ ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে কর্তৃপক্ষ সকল দরপত্র বাতিল অথবা যে কোন সিদ্ধান্ত প্রদান করতে পারবেন।

০৭। গাছের মোথা ও কান্ডসহ ৩" - ৬" অবশ্যই মাটিতে রেখে গাছ কাটতে হবে।

০৮। সূর্যোদয় হতে সূর্যাস্ত পর্যন্ত অর্থাৎ রাত্রিকালীন সময়ে কোন প্রকারে গাছ কাটা/অপসারণ/স্থানান্তর করা যাবে না। গাছ কাটা/ অপসারণ/স্থানান্তরের সময় পার্শ্ববর্তী কোন গাছ/ঘরবাড়ি/স্থাপনা/যানবাহন/বৈদ্যুতিক তার/মাটির নিচে বা উপরের টেলিফোন লাইন/সড়কের কোন ক্ষতিসাধন করা যাবে না। অন্যথায় জামানতের অর্থ হতে ক্ষতিপুরণ আদায় করা হবে। যদি ক্ষতির পরিমাণ জামানতের অর্থের চেয়ে বেশী হয় তবে অতিরিক্ত অর্থ প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবরে নগদ/বিডি আকারে কার্যাদেশপ্রাপ্ত দরদাতা জমা দিতে বাধ্য থাকিবে। অন্যাথায় প্রচলিত আইনানুযায়ী ক্ষতিপূরণের অর্থ আদায় করা হবে।

০৯। জেলা পরিষদের প্রতিনিধির উপস্থিতিতে গাছ কাটা/অপসারণ/স্থানান্তর করতে হবে। খোদাই করে মার্কিংকৃত গাছব্যতিত অন্য কোন গাছ কোন ক্রমেই কাটা যাবে না। এ রকম ত্রুটি পরিলক্ষিত হলে কর্তিত গাছের ০৫(পাঁচ) গুণ হারে ক্ষতিপুরণ আদায় করা হবে।

১০। দরপত্র খোলার দিন হতে বিক্রিত গাছের রক্ষণাবেক্ষনের দায়-দায়িত্ব সর্বোচ্চ দরদাতার উপর বর্তাবে। যদি কোন দৈব-দুর্বিপাকে, ঝড়-তুফানে, আগুনে পুড়ে, চুরি হলে বা অন্য কোন মাধ্যমে গাছের ক্ষতি হলে জেলা পরিষদ কোন দায়-দায়িত্ব বহন করবে না।

১১। গাছ কর্তন/অপসারণ/স্থানান্তরের সময় যানবাহন/মানুষের চলাচলে কোন প্রকার প্রতিবন্ধকতার সৃষ্টি করা যাবে না।

১২। দরপত্রে উল্লেখিত ভ্যাট ও আয়করের হার/পরিমাণ সরকার কর্তৃক পরিবর্তন করা হলে, পরিবর্তিত হারে ভ্যাট ও আয়কর আদায় করা হবে।

১৩। কর্তৃপক্ষ, কোন প্রকারে কারণ দর্শানো ব্যতিরেকেই দরপত্রের তফসিলে বর্ণিত তারিখ, সময়, স্থান , শর্তাবলী পরিবর্তন/ পরিবর্ধন/সংযোজন করতে পারবে এবং সর্বোচ্চ দর গ্রহণ করা বা না করা/ যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল/স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৭/০২/২০২৩

মোঃ আফাজ উদ্দিন
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
টেলিফোন নম্বর- ০২৫৮৮৮৯৩৫০১
email-ceozpchapai@gmail.com